দৈনিক
আমাদের সময়

তারিখ ... 11 JUN 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

# নড়াইলের ৬৪০ শিক্ষক প্রশিক্ষণ থেকে বঞ্চিত

## শিক্ষা কর্মকর্তা বিদেশ ভ্রমণে

নড়াইল প্রতিনিধি • জেলা শিক্ষা কর্মকর্তা বিদেশ ভ্রমণে থাকায়
কোনো কর্মকর্তাকে দায়িত্ব না দিয়ে জেলা শিক্ষা কর্মকর্তা বিদেশ ভ্রমণে থাকায়
বিষয়ভিত্তিক প্রশিক্ষণ থেকে বঞ্চিত হলেন মাধ্যমিক পর্যায়ের ৬৪০ শিক্ষক।
নড়াইল সরকারি উচ্চ বিদ্যালয় মিলনায়তনে গতকাল শনিবার থেকে ছয়
দিনব্যাপী এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু জেলা শিক্ষা কর্মকর্তা
রণজিৎ কুমার মজুমদার ধর্মীয় ও দর্শনীয় স্থান ভ্রমণের জন্য ২৫ দিনের (২২ মে
থেকে ১৫ জুন) ছুটিতে থাকায় এবং অফিসের আর্থিক ক্ষমতা দায়িত্বপ্রাপ্ত
কর্মকর্তাকে হস্তান্তর না করায় শেষ পর্যন্ত প্রশিক্ষণের আয়োজন করা সম্ভব হয়নি।
এ কারণে প্রশিক্ষণ বাবদ প্রায় ৫০ লাখ টাকাও ফেরত যাচ্ছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অধীনে
'সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম' (সেসিপ)-এর আওতায়
নড়াইলের মাধ্যমিক পর্যায়ের বাংলা, ইংরেজি, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, গণিত
এবং বিজ্ঞান বিষয়ের ৬৪০ শিক্ষককে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ দেওয়ার উদ্যোগ
নেওয়া হয়। ছয় দিনব্যাপী এ প্রশিক্ষণ দুই পর্বে আগামী ২১ জুন শেষ হওয়ার
কথা ছিল।

কয়েকজন শিক্ষক জানান, ক্ষমতা নিজের হাতে রেখে শিক্ষা কর্মকর্তার এ
ধরনের ভ্রমণের কোনো মানে হয় না। এতে বিষয়ভিত্তিক দক্ষতা অর্জন থেকে
বঞ্চিত হলেন তারা। পাশাপাশি আর্থিক সুবিধাও পেলেন না। ফেরত যাচ্ছে এ
অর্থবছরে তাদের জন্য বরাদ্দকৃত প্রায় ৫০ লাখ টাকাও।

এ ব্যাপারে জেলা মাধ্যমিক শিক্ষা অফিসের প্রশিক্ষণ সমন্বয়ক হাবিবুল্লাহ
জানান, অন্যান্য জেলায় (২৭ জেলা) শিক্ষকদের বিষয়ভিত্তিক এ প্রশিক্ষণ
গতকাল শনিবার থেকে শুরু হয়েছে। তবে নড়াইলের ক্ষেত্রে তা হচ্ছে না।
সহকারী শিক্ষা কর্মকর্তা তপন কুমার বিশ্বাস জানান, প্রশিক্ষণ সফল করতে
অফিসের অন্য কর্মকর্তা-কর্মচারীরা আন্তরিক ছিলেন। এ জন্য গত ৫ জুন জেলা
শিক্ষা অফিস থেকে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে লোক পাঠানোর উদ্যোগ
নেওয়া হয়। বিষয়টি ভারত ভ্রমণরত জেলা শিক্ষা কর্মকর্তা জানতে পেরে
তাতেও বাদসাধেন। তাই শেষ পর্যন্ত এ প্রশিক্ষণের আয়োজন করা সম্ভব হয়নি।
এদিকে দেশের বাইরে থাকায় জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা রণজিৎ কুমার
মজুমদারের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............
তারিখ............
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর